**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, জুন ২৩, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**যুব-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/২২ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং-২৩১-আইন/২০২৬।**—যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ (২০১৫ সনের ০৮ নং আইন) এর ধারা ১৯, ধারা ১৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় যুব কাউন্সিল (গঠন, কাঠামো, কার্যপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৩। **জাতীয় যুব কাউন্সিলের কর্মপরিধি।**—জাতীয় যুব কাউন্সিলের কর্মপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) যুবদের কর্মসংস্থান বা আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে এলাকাভিত্তিক চাহিদা নিরূপণ এবং যুবদের বিভিন্ন সমস্যা সম্পর্কে তথ্য সংগ্রহ, তথ্য বিনিময় ও গবেষণা কার্যক্রম পরিচালনা;

(খ) আধুনিক বিশ্বের যুব সমাজের সহিত সম্পৃক্ততা বৃদ্ধির ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং জাতীয় ও আন্তর্জাতিক যুব ফোরামসমূহের সহিত যোগাযোগ রক্ষা করা;

(গ) যুবদের উন্নয়নে কর্মপরিকল্পনা বাস্তবায়নে ভূমিকা রাখা;

(ঘ) সমসাময়িক সামাজিক সমস্যার বিষয়ে যুবদের করণীয় নির্ধারণ এবং এতদ্‌সংক্রান্ত উদ্যোগ গ্রহণ;

(ঙ) জাতীয় দুর্যোগ মোকাবেলায় স্বেচ্ছাসেবী হিসাবে সরকারের উদ্যোগে অংশগ্রহণ; এবং

(চ) মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে যুব উন্নয়ন অধিদপ্তরের সহযোগী সংস্থা হিসাবে যুব কার্যক্রম বাস্তবায়ন করা।”।



**মূল্য :** টাকা ৮·০০

(২) বিধি ৫ এর—

(ক) উপ-বিধি (১) এর—

(অ) দফা (খ) তে উল্লিখিত "কর্মকর্তা" শব্দের পরিবর্তে "অফিসার" শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) দফা (ঝ) তে উল্লিখিত "স্থানীয় সংসদ" শব্দগুলির পর "সদস্য" শব্দ সন্নিবেশিত হইবে; এবং

(খ) উপ-বিধি (২) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(গ) বহুল প্রচারিত বাংলা ও ইংরেজি ২ (দুই) টি দৈনিক পত্রিকায় উন্মুক্ত বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে, যুব কাউন্সিলের সদস্য হইবার জন্য আবেদন দাখিলের সর্বশেষ তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীদের মধ্য হইতে ১ (এক) জন যুব পুরুষ ও ১ (এক) জন যুব নারী মনোনয়ন প্রদান করিয়া সংশ্লিষ্ট কাগজপত্রসহ জেলা মনোনয়ন কমিটির নিকট সুপারিশ আকারে প্রেরণ করা; এবং"।

(৩) বিধি ৬ এর উপ-বিধি (২) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(গ) উপজেলা মনোনয়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের নামের তালিকা প্রাপ্তির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সুপারিশকৃত প্রার্থীদের মধ্য হইতে ২ (দুই) জন বা তাহার অধিক যুব পুরুষ ও ২ (দুই) জন বা তাহার অধিক যুব নারী সদস্য নির্বাচন করিয়া কমিটির কার্যবিবরণী, প্রার্থীদের আবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্রসহ কেন্দ্রীয় মনোনয়ন কমিটির নিকট সুপারিশসহ প্রেরণ করা;"।

(৪) বিধি ৭ এর—

(ক) উপ-বিধি (১) এর—

(অ) দফা (ঠ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঠ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ঠ) পরিচালক (সিড ফাইন্যান্সিং), যুব উন্নয়ন অধিদপ্তর;";

(আ) দফা (ড) তে উল্লিখিত "শেখ হাসিনা" শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(ই) দফা (থ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (থ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(থ) পরিচালক (বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন), যুব উন্নয়ন অধিদপ্তর, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।"; এবং

(খ) উপ-বিধি (২) এর—

(অ) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ক) জাতীয় যুব কাউন্সিলের সাধারণ পরিষদ গঠনের লক্ষ্যে জেলা মনোনয়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের নামের তালিকা প্রাপ্তির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রাপ্ত তথ্য-উপাত্ত পর্যালোচনাপূর্বক চূড়ান্তভাবে প্রত্যেক জেলা হইতে ২ (দুই) জন যুব পুরুষ ও ২ (দুই) জন যুব নারী মনোনয়নপূর্বক মোট ২৫৬ (দুইশত ছাপ্পান্ন) জন সদস্যের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ:

তবে শর্ত থাকে যে, প্রশাসনিক বা অন্য কোনো যুক্তিসংগত কারণে মন্ত্রণালয় বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া উক্ত সময়সীমা বর্ধিত করিতে পারিবে;"; এবং

(আ) দফা (ঘ) তে উল্লিখিত "অন্যান্য শ্রেণিভুক্ত" শব্দগুলির পর উল্লিখিত "৫ (পাঁচ)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৬ (ছয়)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

(৫) বিধি ৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) মন্ত্রণালয় কর্তৃক মনোনীত প্রত্যেক জেলা হইতে ১ (এক) জন যুব পুরুষ ও ১ (এক) জন যুব নারীসহ মোট ১২৮ (একশত আটাশ) জন সদস্য, বিশেষ শ্রেণিভুক্ত যুব ৬ (ছয়) জন এবং অন্যান্য শ্রেণিভুক্ত যুব ৬ (ছয়) জনসহ সর্বমোট ১৪০ (একশত চল্লিশ) জন জাতীয় যুব কাউন্সিলের সাধারণ পরিষদের সদস্য হিসাবে বিবেচিত হইবে।"।

(৬) বিধি ১০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১০ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"১০। কার্যনির্বাহী পরিষদের গঠন, মেয়াদ, ইত্যাদি**। (১) সাধারণ পরিষদের ১৪০ (একশত চল্লিশ) জন সদস্যগণের মধ্যে হইতে নির্বাচিত ১৯ (উনিশ) জন সদস্যের সমন্বয়ে কার্যনির্বাহী পরিষদ গঠিত হইবে।

(২) কার্যনির্বাহী পরিষদ নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

| | | |
|---|---|---|
| (ক) | সভাপতি | ১ (এক) জন; |
| (খ) | সহ-সভাপতি | ২ (দুই) জন; [১ (এক) জন পুরুষ ও ১ (এক) জন নারী] |
| (গ) | সাধারণ সম্পাদক | ১ (এক) জন; |
| (ঘ) | যুগ্ম-সম্পাদক | ১ (এক) জন; |
| (ঙ) | কোষাধ্যক্ষ | ১ (এক) জন; |
| (চ) | দপ্তর সম্পাদক | ১ (এক) জন; |
| (ছ) | সমাজকল্যাণ সম্পাদক | ১ (এক) জন; |
| (জ) | আইসিটি, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক সম্পাদক | ১ (এক) জন; |
| (ঝ) | আন্তর্জাতিক যুব বিষয়ক সম্পাদক | ১ (এক) জন; |
| (ঞ) | মহিলা বিষয়ক সম্পাদক | ১ (এক) জন; |
| (ট) | কার্যনির্বাহী সদস্য | ৮ (আট) জন [প্রত্যেক বিভাগ হইতে ১ (এক) জন]। |

(৩) কার্যনির্বাহী পরিষদের মেয়াদ হইবে ২ (দুই) বছর।"।

(৭) বিধি ১১ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) মন্ত্রণালয় প্রত্যেক জেলা হইতে ১ (এক) জন যুব পুরুষ ও ১ (এক) জন যুব নারীসহ মোট ১২৮ (একশত আটাশ) জন সদস্য মনোনয়ন প্রদান করিবে।";

(খ) উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;

(গ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "তৃতীয় লিঙ্গের ১ (এক)" শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে "হিজড়া ১ (এক)" শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(ঘ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৪) মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তরের সুপারিশের ভিত্তিতে অন্যান্য শ্রেণিভুক্ত যুব যথা: জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত সংগঠক ২ (দুই) জন, জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত সফল আত্মকর্মী ২ (দুই) জন, ইয়ুথ ভলান্টিয়ার পুরস্কার প্রাপ্ত ২ (দুই) জন সহ মোট ৬ (ছয়) জন যুবকে মনোনয়ন প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, যোগ্য নারীগণ অগ্রাধিকারপ্রাপ্ত হইবেন।

(৮) তফশিলের—

(ক) ক্রমিক ৭ এর—

(অ) দফা (৪) এর উপ-দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(খ) সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে যুগ্ম-সম্পাদক তাঁহার দায়িত্ব পালন করিবেন; এবং"; এবং

(আ) দফা (৭), দফা (৯), দফা (১২) এবং দফা (১৩) বিলুপ্ত হইবে; এবং

(খ) ক্রমিক ১৪ এর দফা (১) এর—

(অ) উপ-দফা (ঙ) তে উল্লিখিত "শেখ হাসিনা" শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(আ) উপ-দফা (চ) এবং (ছ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (চ) এবং (ছ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(চ) পরিচালক (বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন), যুব উন্নয়ন অধিদপ্তর;

(ছ) পরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর;"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুব-উল-আলম**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd